

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি দপ্তর

\*\*\*\*\*

স-১৫৩ (আগরতলা ২১।০৪)  
আগরতলা, ২১ এপ্রিল, ২০২৪

**লোকসভা নির্বাচন-২০২৪**  
**আমবাসায় মাইক্রো অবজারভারদের নিয়ে প্রশিক্ষণ**

আসন্ন লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচনের কাজে নিযুক্ত মাইক্রো অবজারভারদের নিয়ে আজ এক প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। আমবাসা টাউনহলে এই প্রশিক্ষণ শিবিরে ২৫০ জনেরও বেশি মাইক্রো অবজারভার অংশ নেন। ধলাই জেলা এবং খোয়াই জেলার সাধারণ পর্যবেক্ষক ভাস্কর কাটামেনি, ধলাই জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক সাজু বাহিদ এ এবং ধলাই জেলার ডেপুটি ডিইও বিবেক এইচ বি এই প্রশিক্ষণ শিবিরে উপস্থিত ছিলেন।

সংক্ষিপ্ত আলোচনায় সাধারণ পর্যবেক্ষক ভাস্কর কাটামেনি নির্বাচনে মাইক্রো অবজারভারদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেন। সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে সাধারণ পর্যবেক্ষক সবার প্রতি আহ্বান জানান। নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক সাজু বাহিদ এ সফলভাবে লোকসভা নির্বাচন আয়োজনের জন্য প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের পদক্ষেপ নেওয়ার কথা তুলে ধরেন। আজ এক প্রেস নোটে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের রিটার্নিং অফিসার সাজু বাহিদ এ একথা জানান।

\*\*\*\*\*